

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১৫, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৩০শে পৌষ ১৪০৯/১৩ই জানুয়ারি ২০০৩

এস, আর, ও নং ১৩-আইন/২০০৩—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের ১৩ নভেম্বর, ২০০২ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩০৯-আইন/২০০২ দ্বারা নিম্নতফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে কক্সবাজার জেলার চকরিয়া মিউনিসিপ্যালিটিভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণের উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ সম্প্রসারণের প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য কক্সবাজার জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকা সম্প্রসারণের পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাতে উক্ত Rules এর rule 4(2) এর অধীন উক্তরূপ সম্প্রসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(১৯৭)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদদ্বারা আগামী ৫ই মার্চ, ১৪০৯ বাংলা মোতাবেক ১৮ই জানুয়ারি, ২০০৩ ইং তারিখ হইতে নিম্নতফসিলে বর্ণিত শহর এলাকাকে চকরিয়া মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণ করিল, যথা ঃ—

তফসিল

ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল নং	দাগ নং
১	২	৩	৪
লক্ষ্যারচর	লক্ষ্যারচর	২৪	১-১৮, ২০-৬৪৪, ৬৪৬-৭০৬, ৭০৮-৭১১, ১৭১২-১৭২১, ৫০০১-৫০০৪, ৫০০৬-৫৩৮৫, ৫৭৯৬-৫৯০৪।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার

উপ-সচিব (পৌর)।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।